

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট ।

নং-১৮.১৪.০১৫৮.১৩২.০০.০২৫.১৯- ১ ৩৩

তারিখঃ ১৬/১১/২০১৯ইং

সম্পাদক  
দৈনিক কালের কণ্ঠ  
প্লট-৩৭১/এ, ব্লক-ডি  
বসুন্ধরা, বারিধারা  
ঢাকা ।

বিষয়ঃ “দৈনিক কালের কণ্ঠ” পত্রিকায় গত ৩১/১০/১৯ তারিখে প্রকাশিত সংবাদের বিরুদ্ধে  
প্রতিবাদ প্রকাশনা প্রসঙ্গে ।

অত্রসাথ সংযুক্ত প্রতিবাদলিপিটি “দৈনিক কালের কণ্ঠ” পত্রিকায় আগামী ১৬/১১/২০১৯ তারিখের  
মধ্যে প্রকাশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ।

  
উপসচিব

মোংলা বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ

- ১। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা ।
- ২। সচিব ( বোর্ড ও জনসংযোগ), মবক, মোংলা ।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা ।




মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

প্রকাশিত সংবাদের বিরুদ্ধে প্রতিবাদ

দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় গত ৩১/১০/১৯ তারিখে “ ডাক উঠছে সাত থেকে ১২ লাখ টাকা” শিরোনামে প্রকাশিত সংবাদ এর বিষয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষ হতে তীব্র প্রতিবাদ জানানো হচ্ছে। গত ২০/১০/১৯ তারিখ ২৭ ক্যাটাগরীর ৩৩৪ পদের আবেদন গ্রহণের তারিখ শেষ হয়। এখনও নিয়োগ কার্যক্রমের প্রস্তুতি চলছে। এরকম একটি সময়ে আগায় কাল্পনিক তথ্য দিয়ে মোংলা বন্দরের ভাবমূর্তি ক্ষুণ্ণ করা হয়েছে এবং দেশবাসী ও আবেদনকারীদের বিরূপ বার্তা দিয়ে সকল নিয়োগ প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করা হয়েছে। এ ধরনের কাল্পনিক তথ্য দিয়ে কর্তৃপক্ষের কাজে বিন্দু ঘটানো পরিকল্পিত একটি অপকৌশল। মোংলা বন্দর কর্তৃপক্ষ গত ০৬/৭/১৮ তারিখ হতে পর্যায়ক্রমে ১২ ক্যাটাগরীর ৪৭টি এবং ৮১ ক্যাটাগরীর ৩৪৭টি পদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করেছে। উক্ত নিয়োগ পরীক্ষাগুলো সম্পন্নের ক্ষেত্রে নিয়োগ পরীক্ষার দিনই প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, ব্যবহারিক পরীক্ষা (যদি থাকে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ শেষে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের ফলাফল প্রকাশ করা হয়। সকল পর্যায় থেকে মবক এর চলমান নিয়োগ প্রক্রিয়াকে স্বচ্ছ ও সাধুবাদ ব্যক্ত করা হয়েছে। এ অবস্থায় এ ধরনের শিরোনামে খবর প্রচার উদ্দেশ্যমূলক।

এমতাবস্থায় প্রকাশিত সংবাদ প্রত্যাহার করতঃ ভবিষ্যতে মোংলা বন্দর কর্তৃপক্ষের বিষয়ে বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশনার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
মোঃ গিয়াস উদ্দিন(উপসচিব)  
পরিচালক (প্রশাসন)